

তফসিল
প্রথম অংশ : ফৌজদারী মামলাসমূহ

১। দণ্ডবিধির ধারা ৩২৩ বা ৪২৬ বা ৪৪৭ মোতাবেক কোন অপরাধ সংঘটন করা, বে-আইনী জনসমাবেশ সাধারণ উদ্দেশ্যে হইলে এবং উক্ত বে-আইনী জনসমাবেশে জড়িত ব্যক্তির সংখ্যা দশের অধিক না হইলে দণ্ডবিধির ১৪৩ ও ১৪৭ ধারা, ১৪১ ধারা এর তৃতীয় বা চতুর্থ দফার সহিত পঠিতব্য।

২। দণ্ডবিধির ধারা ১৬০, ৩৩৪, ৩৪১, ৩৪২, ৩৫২, ৩৫৮, ৫০৪, ৫০৬ (প্রথম অংশ), ৫০৮, ৫০৯ এবং ৫১০।

৩। দণ্ডবিধির ধারা ৩৭৯, ৩৮০ ও ৩৮১ যখন সংঘটিত অপরাধটি গবাদিপশু সংক্রান্ত হয় এবং গবাদিপশুর মূল্য অনধিক ^১[৩ (তিন) লক্ষ] টাকা হয়।

৪। দণ্ডবিধির ধারা ৩৭৯, ৩৮০ ও ৩৮১ যখন সংঘটিত অপরাধটি গবাদিপশু ছাড়া অন্য কোন সম্পত্তি সংক্রান্ত হয় এবং উক্ত সম্পত্তির মূল্য অনধিক ^২[৩ (তিন) লক্ষ] টাকা হয়।

৫। দণ্ডবিধির ধারা ৪০৩, ৪০৬, ৪১৭ ও ৪২০ যখন অপরাধ সংশ্লিষ্ট অর্থের পরিমাণ অনধিক ^৩[৩ (তিন) লক্ষ] টাকা হয়।

৬। দণ্ডবিধির ধারা ৪২৭, যখন সংশ্লিষ্ট সম্পত্তির মূল্য অনধিক ^৪[৩ (তিন) লক্ষ] টাকা হয়।

৭। দণ্ডবিধির ধারা ৪২৮ ও ৪২৯ যখন গবাদিপশুর মূল্য অনধিক ^৫[৩ (তিন) লক্ষ] টাকা হয়।

৬[***]

৯। উপরিউক্ত যে কোন অপরাধ সংঘটনের চেষ্টা বা উহা সংঘটনের সহায়তা প্রদান।

^১ “৩ (তিন) লক্ষ” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি “৭৫ (পঁচাত্তর) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(অ) ধারাবলে প্রতিস্থাপিত।

^২ “৩ (তিন) লক্ষ” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি “৫০ (পঞ্চাশ) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(আ) ধারাবলে প্রতিস্থাপিত।

^৩ “৩ (তিন) লক্ষ” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি “৭৫ (পঁচাত্তর) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(অ) ধারাবলে প্রতিস্থাপিত।

^৪ “৩ (তিন) লক্ষ” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি “৭৫ (পঁচাত্তর) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(অ) ধারাবলে প্রতিস্থাপিত।

^৫ “৩ (তিন) লক্ষ” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি “৭৫ (পঁচাত্তর) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(অ) ধারাবলে প্রতিস্থাপিত।

^৬ ক্রমিক নং ৮ গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৬ নং আইন) এর ১৫(ক)(ই) ধারাবলে বিলুপ্ত।

১। “দ্বিতীয় অংশ: দেওয়ানী মামলাসমূহ

ক্রমিক নং	মামলার বিষয়	পরিমাণ
(১)	(২)	(৩)
১।	কোনো চুক্তি, রশিদ বা অন্য কোনো দলিল মূলে প্রাপ্য অর্থ আদায়ের মামলা।	যখন দাবীকৃত অর্থের পরিমাণ অথবা অস্থাবর সম্পত্তির মূল্য অথবা অপরাধ সংশ্লিষ্ট স্থাবর সম্পত্তির মূল্য অথবা বকেয়া ভরণপোষণের পরিমাণ অনধিক ৩ (তিন) লক্ষ টাকা হয়।
২।	কোনো অস্থাবর সম্পত্তি পুনরুদ্ধার বা উহার মূল্য আদায়ের মামলা।	
৩।	স্থাবর সম্পত্তি বেদখল হওয়ার এক বৎসরের মধ্যে উহার দখল পুনরুদ্ধারের মামলা।	
৪।	কোনো অস্থাবর সম্পত্তির জবর দখল বা ক্ষতির জন্য ক্ষতিপূরণ আদায়ের মামলা।	
৫।	গরাদি পশু অনধিকার প্রবেশের কারণে ক্ষতিপূরণের মামলা।	
৬।	কৃষি শ্রমিকদের পরিশোধ্য মজুরি ও ক্ষতিপূরণ আদায়ের মামলা।	
৭।	কোনো স্ত্রী কর্তৃক তাহার বকেয়া ভরণপোষণ আদায়ের মামলা।	
	<p>ব্যাখ্যা।—এই ক্রমিকে বর্ণিত বিধান অন্য যে কোনো আইনে প্রদত্ত প্রতিকারের অতিরিক্ত হিসাবে গ্রাম আদালতের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য হইবে এবং বলবৎ অন্য কোনো আইনের এখতিয়ার বর্ণ করিবে না।</p>	

^১ দ্বিতীয় অংশ: গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(খ) ধারাবলে প্রতিস্থাপিত।